দৈনিক স্টেটসম্যান

৩ মে, ২০২৫, ২ নং পাতায়

# মাধ্যমিকে বিধান শিশু উদ্যানের নজরকাড়া সাফল্য

নিজস্ব প্রতিনিধি— মাধ্যমিকের রাজ্য মেধা তালিকায় BSU প্রয়াস মক টেস্ট-এ অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের অসাধারণ সাফল্য। অত্যন্ত অল্প খরচে এই মক টেস্ট নেওয়া হয়। রাজ্যের প্রত্যন্ত অঞ্চলের ছাত্র-ছাত্রীরা যাতে এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে তাই বিশাল ভরতুকি দিয়ে এই মক টেস্টের ব্যবস্থা। এ বছর ৬৬ জন রাজ্য মেধা তালিকায় স্থান পেয়েছে, তার মধ্যে বিধান শিশু উদ্যানের দশ জন পরীক্ষার্থী স্থান পেয়েছে। বিধান শিশু উদ্যান পরিচালিত এই মক টেস্টে রাজ্যের শতাধিক কেন্দ্রে অংশগ্রহণ করেছিল প্রায় সাত হাজার পরীক্ষার্থী।

ছাত্র-ছাত্রীদের সাফল্য প্রমাণ করছে এই মক টেস্ট কতটা কার্যকর। এই সুবিশাল কর্মকাণ্ডে যুক্ত রয়েছে রাজ্যের কয়েক হাজার শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাবিদরা।

বিধান শিশু উদ্যানের 'BSU প্রয়াস মক টেস্ট' দিয়ে মাধ্যমিক ২০২৫-এ যারা প্রথম দশের মধ্যে স্থান করেছে জ্যোতিপ্রসাদ চট্টোপাধ্যায়, অভ্রদীপ মণ্ডল (৬ষ্ঠ), অরিত্র দে, দেবাদৃতা চক্রবর্তী (৭ম), শুভ্র সিনহা মহাপাত্র, শ্রীজয়ী ঘোষ (৮ম), দিশা ঘোষ (৯ম), প্রিয়ম পাল, সম্যক দাস, সায়ন বেজ (১০ম)

সারা বছরই বিধান শিশু উদ্যানের বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচি থাকে। ছাত্র-ছাত্রীদের কল্যাণ স্বার্থে আমরা পাশে থাকতে অঙ্গীকারবদ্ধ জানিয়েছেন বিধান শিশু উদ্যানের সম্পাদক গৌতম তালুকদার।